



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ নভেম্বর ২০১৮

### প্রেসবিজ্ঞপ্তি

## বাঘাইছড়িতে সাধারণ জনগণের বাড়িঘর ও দোকানপাটে হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর বাঘাইছড়ি উপজেলা ইউনিটের সংগঠক জুয়েল চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে আজ রবিবার (২৫ নভেম্বর) সকালে উপজেলার বঙ্গলতুলী উপজেলায় ৩৫ নং বঙ্গলতুলী ইউনিয়ন ৯ ও ১১ কিলো নামক দুটি গ্রামে সংস্কারবাদী জেএসএস-এর একদল সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক বাড়িঘর ও দোকানপাটে হামলা, লুটপাট, অগ্নিসংযোগ ও বাড়ির আসবাবপত্রসহ মূল্যবান সামগ্রী ধংস করে দেয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, পেলে-সুদর্শ চাকমা'র নেতৃত্বাধীন সংস্কারবাদী জেএসএস-এর চয়ন ও জানং-এর নেতৃত্বে একদল সশস্ত্র সন্ত্রাসী সেনাবাহিনীর সহযোগিতায় আজ সকাল ৬টা থেকে ৭টা পর্যন্ত দুটি গ্রামে হামলা চালিয়ে ২টি বাড়িঘর ও একটি দোকানের মালামাল লুটপাট ও বাড়ির আসবাবপত্রসহ মূল্যবান জিনিসপত্র সম্পূর্ণ ধংস করে দিয়েছে। এরপর সকাল ১১টার দিকে একটি মুদির দোকানে অগ্নিসংযোগ করলে তা সম্পূর্ণরূপে পড়ে যায়।

২টি দোকানের মালামাল ও অন্যান্য জিনিসপত্র এবং অপর ২টি বাড়ির আসবাবপত্র ও মূল্যবান সম্পত্তিসহ আনুমানিক প্রায় ১০ লক্ষ টাকার ক্ষতিসাধন করা হয়েছে। বাড়ির লোকজন প্রাণভয়ে পালিয়ে রয়েছেন।

উক্ত ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ইউপিডিএফ বাঘাইছড়ি উপজেলা ইউনিটের সংগঠক জুয়েল চাকমা বলেন, উক্ত গ্রাম দুটি স্থানীয় তদেক মারা হিজিঙে (১০ নাম্বার) অবস্থিত সেনা ক্যাম্পের নিকতবর্তী এবং একেবারে দিঘীনালা-খাগড়াছড়ি প্রধান সড়কের পাশে। আজ ভোর থেকে ঘন্টার পর ঘন্টা ধরে সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীরা তাড়বলীলা চালালেও সেনাবাহিনী ও প্রশাসন সম্পূর্ণ নির্লিপ্ত রয়েছে।

তিনি উদ্বেগ জানিয়ে আরো বলেন, শাসকশ্রেণী ও সেনাবাহিনীর জাতিগত নিপীড়নের নীলনক্সা বাস্তবায়নের পাশাপাশি সংস্কারবাদী জেএসএস পেলে-সুদর্শন চক্র আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ক্ষমতাসীন আওয়ামী-লীগের একটি অংশের ভাড়াটিয়া সশস্ত্র গুন্ডা হিসেবে সাধারণ জনসাধারণকে বিরুদ্ধে ব্যবহৃত হচ্ছে।

তিনি অবিলম্বে বাঘাইছড়ির বাঙ্গলতুলী ইউনিয়নে সাধারণ মানুষের বাড়িঘর ও দোকানপাট লুটপাট ও সম্পত্তি ধংসকারী পেলে-সুদর্শন চাকমা'র নেতৃত্বাধীন সংস্কারবাদী জেএসএস-এর চয়ন-জানং সশস্ত্র সন্ত্রাসী চক্রের বিরুদ্ধে যথাযত পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।